গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী

(রাজস্ব শাখা)

www.narsingdi.gov.bd

স্মারক নম্বর-৩১.৩০.৬৮০০.১০৭.২৬.০০৯.১৯-৮৭২

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-০১ শাখার ০৫/০৯/২০২৪ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.২০৯.১২.৭২৯ নম্বর স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এর অধিনস্থ রাজস্ব প্রশাসনের নিয়ন্ত্রণাধীন (জেলা প্রশাসকের কার্যালয় এর সকল রাজস্ব শাখা, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসমূহ) শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	অফিস সহায়ক	৩৭ (সাইত্রিশ) টি	৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নরসিংদী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে;

০২। প্রার্থীকে নির্ধারিত ফরমে স্বহস্তে আবেদন করতে হবে;

০৩। সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরমে "জেলা প্রশাসক, নরসিংদী"কে সম্বোধন করে আগামী ৩১/০১/২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন ডাকযোগে আবেদনপত্র জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী বরাবর পৌঁছাতে হবে। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসন, নরসিংদী এর ওয়েবসাইট: www.narsingdi.gov.bd, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী এর রাজস্ব শাখায় ও www.forms.gov.bd এর ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণযোগ্য নয়;

০৪। প্রার্থীর বয়স ৩১/০১/২০২৫ খ্রি. তারিখে ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

০৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি;

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

(গ) শিক্ষাগত যোগ্যতা ও সকল অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (যদি থাকে) (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি;

(চ) প্রার্থী শহিদ মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদন করলে আবেদনকারীকে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে;

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার এনআইডি, জন্ম তারিখ, জন্ম সনদ	মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ এর সনদ নম্বর ও তারিখ	মন্তব্য

(ছ) সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত বিধি বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে;

(জ) নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটায় শূন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে;

(ঝ) পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা অফেরতযোগ্য অটোমেটেড চালান (এ চালান) এর মাধ্যমে **"ভূমি মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক কোড নং-১৪৬০১০১১২৪৬৪৯ ও অর্থনৈতিক কোড নং-১৪২২৩২৬"** তে জমা প্রদান করে চালানের কপি আবেদনের সাথে দাখিল করতে হবে;

(ঞ) প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে আগ্রহী তা স্পষ্টভাবে খামের উপর উল্লেখ করতঃ ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেটযুক্ত (১০ ইঞ্চিX৪.৫ ইঞ্চি) সাইজের একটি ফেরৎ খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে;

০৬। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

০৭। প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৮। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র/শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) ও কোটা সম্পর্কিত সনদপত্রের মূলকপি উপস্থাপন/দাখিল করতে হবে;

০৯। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;

১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও নিয়োগ কার্যক্রম স্থগিত/সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

02.01.25

মোহাম্মদ রাশেদ হোসেন চৌধুরী
জেলা প্রশাসক
নরসিংদী
ফোন : +৮৮০২৯৪৬২৫০০
ফ্যাক্স : +৮৮০২৯৪৬৪৪৩৩
E-mail:dcnarsingdi@mopa.gov.bd

স্মারক নম্বর-৩১.৩০.৬৮০০.১০৭.২৬.০০৯.১৯-৮৭২

তারিখ: ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি, সদয় অবগতি জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, তেজগাঁও, ঢাকা
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা
০৬। জেলা প্রশাসক ....(সকল)

জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য:

০৭। পুলিশ সুপার, নরসিংদী
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নরসিংদী
০৯। সিভিল সার্জন, নরসিংদী
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী
১২। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ]
১৩। সহকারী কমিশনার (ভূমি), নরসিংদী (সকল) [ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ]
১৪। জেলা তথ্য অফিসার, নরসিংদী
১৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী [বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটি প্রকাশের অনুরোধসহ]
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার,..
১৭। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার,..
১৭। অফিস কপি

02.01.25

জেলা প্রশাসক
নরসিংদী